# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৭৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৮. কুলি করা ও নাক পরিষ্কার করা এবং উযুর প্রারম্ভে উভয়টি সম্পূর্ণ করার বিষয়ে উৎসাহ প্রদান

## بَابُ مَا رُوِيَ فِي الْحَثِّ عَلَى الْمَضْمَضَةِ وَالِاسْتِنْشَاقِ وَالْبَدَاءَةِ بِهِمَا أَوَّلَ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ زِيَادٍ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ أَحْمَدَ بْنِ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ ، حَدَّثَنِي أَبِي ، نَا ابْنُ الْأَشْجَعِيِّ ، نَا أَبِي ، عَنْ سُفْيَانَ ، عَنْ سَالِمٍ أَبِي النَّضْرِ ، عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ ، قَالَ : أَتَى عُثْمَانُ بْنُ عَفَّانَ الْمَقَاعِدَ فَدَعَا بِوَضُوءٍ فَمَضْمَضَ ، وَاسْتَنْشَقَ ، ثُمَّ غَسَلَ وَجْهَهُ ثَلَاثًا ، وَيَدَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، وَرِجْلَيْهِ ثَلَاثًا ثَلَاثًا ، ثُمَّ مَسَحَ بِرَأْسِهِ ، ثُمَّ قَالَ : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ هَكَذَا يَتَوَضَّأُ ، يَا هَؤُلَاءِ ، أَكَذَلِكَ ؟ قَالُوا : نَعَمْ ، لِنَفَرٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ عِنْدَهُ . صَحِيحٌ إِلَّا التَّأْخِيرَ فِي مَسْحِ الرَّأْسِ ، فَإِنَّهُ غَيْرُ مَحْفُوظٍ ، تَفَرَّدَ بِهِ ابْنُ الْأَشْجَعِيِّ ، عَنْ أَبِيهِ ، عَنْ سُفْيَانَ ، بِهَذَا الْإِسْنَادِ وَهَذَا اللَّفْظِ . وَرَوَاهُ الْعَدَنِيَّانِ : عَبْدُ اللَّهِ بْنُ الْوَلِيدِ ، وَيَزِيدُ بْنُ أَبِي حَكِيمٍ ، وَالْفِرْيَابِيُّ ، وَأَبُو أَحْمَدَ ، وَأَبُو حُذَيْفَةَ ، عَنِ الثَّوْرِيِّ ، بِهَذَا الْإِسْنَادِ ، وَقَالُوا كُلُّهُمْ : إِنَّ عُثْمَانَ تَوَضَّأَ ثَلَاثًا ثَلَاثًا ، وَقَالَ هَكَذَا : رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَتَوَضَّأُ ، وَلَمْ يَزِيدُوا عَلَى هَذَا ، وَخَالَفَهُمْ وَكِيعٌ ، رَوَاهُ عَنِ الثَّوْرِيِّ ، عَنْ أَبِي النَّضْرِ ، عَنْ أَبِي أَنَسٍ ، عَنْ عُثْمَانَ أَنَّ : النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ تَوَضَّأَ ثَلَاثًا ثَلَاثًا كَذَا قَالَ وَكِيعٌ وَأَبُو أَحْمَدَ : عَنِ الثَّوْرِيِّ ، عَنْ أَبِي النَّضْرِ ، عَنْ أَبِي أَنَسٍ ، وَهُوَ مَالِكُ بْنُ أَبِي عَامِرٍ ، وَالْمَشْهُورُ : عَنِ الثَّوْرِيِّ ، عَنْ أَبِي النَّضْرِ ، عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ ، عَنْ عُثْمَانَ

বাংলা

২৭৯(১০). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে যিয়াদ (রহঃ) ... বুসর ইবনে সাঈদ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, উসমান (রাঃ) জানাযার নামায পড়ার স্থানে এসে উযুর পানি নিয়ে ডাকলেন। তিনি কুলি করেন এবং নাক পরিষ্কার করেন, তারপর তার মুখমণ্ডল তিনবার ধৌত করেন, দুই হাত তিনবার করে ধৌত করেন এবং দুই পাও

তিনবার করে ধৌত করেন, (একবার) মাথা মসেহ করেন, তারপর বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে উযু করতে দেখেছি। তিনি তাঁর নিকট উপস্থিত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর একদল সাহাবীকে বলেন, হে লোকজন! এরূপই তো? তারা বলেন, হ্যাঁ।

হাদীসটি সহীহ। তবে মাথা মসেহ করার কথা (পা ধৌত করার) পরে উল্লেখ অরক্ষিত। উপরোল্লিখিত হাদীস কেবল ইবনুল আশজাঈ একা পর্যায়ক্রমে তার পিতা-সুফিয়ানের সূত্রে এই মূল পাঠে বর্ণনা করেন । এই হাদীস একদল রাবী (আদনিয়ান) যেমন আবদুল্লাহ ইবনুল ওয়ালীদ, ইয়াযীদ ইবনে আবু হাকীম, আল-ফিরয়াবী, আবু আহমাদ ও আবু হুযায়ফা (রহঃ)-সুফিয়ান আস-সাওরী থেকে এই সূত্রে বর্ণনা করেন এবং তারা সবাই বলেন, নিশ্চয়ই উসমান (রাঃ) উযুর অঙ্গসমূহ তিনবার করে ধৌত করার পর বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এভাবে উযু করতে দেখেছি। তারা এর অতিরিক্ত বর্ণনা করেননি।

ওয়াকী’ (রহঃ) তাদের থেকে ভিন্নরূপ বর্ণনা করেছেন এবং তিনি পর্যায়ক্রমে সুফিয়ান আস-সাওরী-আবুন নাদর-আবু আনাস-উসমান (রাঃ) থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উযুর অঙ্গসমূহ তিনবার করে ধৌত করেছেন। ওয়াকী ও আবু আহমাদ-আস-সাওরী-আবুন-নাদর-আবু আনাস, যার নাম মালেক ইবনে আবু আমের থেকে। প্রসিদ্ধ হলো আস-সাওরী-আবুন নাদর-বুসর ইবনে সাঈদ-উসমান (রাঃ) সূত্রে এরূপই বলেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বুসর ইবনু সা‘ঈদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80068

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন